

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ২, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
[মূল্য সংযোজন কর]
প্রজ্ঞাপন

তারিখ, ১৪ ফাল্গুন, ১৪২১ বঙ্গাব্দ/২৬ ফেব্রুয়ারি, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৪৭-আইন/২০১৫/৭১৯-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৫ এর উপ-ধারা (২) এর শর্তাংশ, ধারা ৬ এর উপ-ধারা (৪) এবং ধারা ৩১ এর উপ-ধারা (১) এর শর্তাংশ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার ১৪ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ২৮ জুন, ২০১২ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২৪২-আইন/২০১২/৬৫৯-মূসক এর মাধ্যমে জারিকৃত ‘বাণিজ্যিক আমদানিকারক, ব্যবসায়ী ও ক্ষুদ্র খুচরা ব্যবসায়ী কর্তৃক পণ্য সরবরাহের উপর আরোপনীয় মূল্য সংযোজন কর আদায় বিধিমালা, ২০১২’ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার, বিধি ৪ এর দফা—

(১) (গ) এ উল্লিখিত “,ঔষধ” চিহ্ন ও শব্দটি বিলুপ্ত হইবে; এবং

(২) (গ) এর পর নিম্নরূপ নতুন দফা (গগ) সন্নিবেশিত হইবে, যথা :—

“(গগ) ঔষধ জাতীয় পণ্যের ব্যবসায়ী পর্যায়ে সরবরাহের সময় মূল্য সংযোজনের হার ১৬% (ষোল শতাংশ) হিসাবে গণনা করিয়া উহার উপর ১৫% (পনের শতাংশ) অর্থাৎ সরবরাহ মূল্যের উপর ২.৪ (দুই দশমিক চার) শতাংশ মূসক প্রদেয় হইবে।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান

সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(১৩১৫)

মূল্য : টাকা ৪.০০